

পর্যটক বরণে প্রস্তুত সাগর কন্যা কুয়াকাটা

- A Monitor Desk Report

Date: 29 March, 2025



পটুয়াখালি : ঈদের ছুটিতে পর্যটকদের বরণ করতে প্রস্তুত সূর্যোদয় ও সূর্যাস্তের বেলাভূমি সাগর কন্যা কুয়াকাটা। টানা ছুটিতে ভ্রমণ পিপাসুরা সমুদ্র সৈকতে ছুটে আসবেন বলে প্রত্যাশা পর্যটন ব্যবসায়ীদের। ইতোমধ্যে শেষ হয়ে গেছে কুয়াকাটার অধিকাংশ হোটেল-মোটলে অগ্রীম বুকিং।

পর্যটন ব্যবসায়ীরা জানান, পদ্মা সেতু চালু হওয়ার পরে ঢাকাসহ সকল জেলা থেকে পর্যটকরা সহজেই কুয়াকাটায় আসতে পারছেন। এতে ঈদের ছুটিতে এবার লাখো পর্যটকদের মিলন মেলা হবে কুয়াকাটায়। পর্যটকদের আতিথেয়তার জন্য পসরা সাজিয়ে পর্যটকদের অপেক্ষায় কুয়াকাটার হোটেল-মোটেল ব্যবসায়ীরা।

তারা আরও বলেন, বর্তমানে পরিস্থিতি ভালো থাকায় ঈদের ২দিন আগে থেকে টানা ১০ দিন পর্যন্ত হোটেল মোটেল বুকিং রয়েছে। তাই পর্যটকদের বরণ করতে হোটেল মোটেল রিসোর্টগুলো সেজেছে নতুন সাজে। শেষ মুহূর্তে চলছে হোটেল মোটেলগুলোতে ধোয়া মোছার কাজ।

কুয়াকাটা হোটেল মোটেল ওয়ানার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মো. মোতালেব শরীফ বলেন, ঈদের লম্বা ছুটিতে পর্যটকদের সার্বক্ষণিক সেবা দিতে প্রস্তুত সাগর কন্যা কুয়াকাটা। পর্যটকদের আকৃষ্ট করতে নিত্যনতুন পণ্যের পসরা সাজিয়েছেন ক্ষুদ্র ব্যবসায়ীরা।

আর ঈদকে সামনে রেখে পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে টুরিস্ট পুলিশ বিভিন্ন উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন কুয়াকাটা টুরিস্ট পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো. আজাদ।

কুয়াকাটায় বর্তমানে ২ শতাধিক ছোট বড় হোটেল-মোটেল রয়েছে।

-B